# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর**

নং-প্রঅওহিরক/বিল আয়-৮(১৩০৪)/৩২৫ তারিখ- ১৭/৩/২০১৩।

বরাবরে

মেসার্স ইন্ডিপেনডেন্ট শিপিং এজেন্সী
হাদী ম্যানসন,
৬৮৭ ই/২ কাস্টম একাডেমী
পাহাড়তলী, চট্টগ্রাম।

বিষয় ঃ চট্টগ্রাম বন্দরে নতুন শিপিং এজেন্ট হিসাবে তালিকাভূক্তি প্রসঙ্গে।

সূত্র ঃ আপনাদের ১০/০২/২০১৩ তারিখের পত্র ।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষে শিপিং এজেন্ট হিসাবে তালিকাভূক্তির জন্য সূত্রোক্ত আপনাদের ১০/২/২০১৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের সার্কুলার নং-২৫/৯০ তারিখ ২৩/৮/১৯৯০ এর ৩নং শর্তের মর্মানুযায়ী চবক এ শিপিং এজেন্ট তালিকাভূক্তি কমিটি কর্তৃক ০৪/৩/২০১৩ তারিখ আপনাদের প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীসহ অন্যান্য কী পারসোনেলদের গৃহীত সাক্ষাৎকার ও আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত দলিলাদি পর্যালোচনান্তে সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় এবং ০৪ (চার) লক্ষ টাকা নিরাপত্তা জামানত প্রদান করায় চবক-এ বাল্ক কার্গো বহনকারী জাহাজ হ্যান্ডলিং এর জন্য REGULATIONS FOR WORKING OF CHITTAGONG PORT (CARGO AND CONTAINER), 2001এর ৭২(২) বিধি মোতাবেক নিম্ন বর্ণিত শর্ত পালন সাপেক্ষে আপনাদের শিপিং এজেন্ট **মেসার্স ইন্ডিপেনডেন্ট শিপিং এজেন্সীকে** বন্দরের শিপিং এজেন্ট হিসেবে ০২ (দুই) ক্যালেন্ডার বছর অর্থাৎ ৩১/১২/২০১৪ তারিখ পর্যন্ত সময়ের জন্য সাময়িকভাবে কাজ করার জন্য তালিকাভূক্ত করা হলো ঃ

১। শিপিং এজেন্ট হিসাবে তালিকাভূক্তির নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর তালিকাভূক্তি নবায়নের (প্রতি দুই ক্যালেন্ডার বছর) জন্য ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নবায়ন ফিসহ আপনাদের প্রতিষ্ঠানকে পুনরায় আবেদন করতে হবে। আপনাদের কাজকর্ম সন্তোষজনক হলে তালিকাভূক্তি নবায়ন বিবেচনা করা হবে।

২। আপনাদের এজেন্সীর অধীনে আগত জাহাজের বিল পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংকের সিডিউলভূক্ত যে কোন ব্যাংকে চবক এর অনুকুলে রিভলভিং একাউন্ট খুলতে হবে।

৩। যদি আপনাদের প্রতিষ্ঠান চবক এ Container Handling করে তা হলে জনতা ব্যাংক লিঃ, পোর্ট শাখা অথবা ওয়ান ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা (পোর্ট বুথ), চট্টগ্রামে একটি রিভলভিং একাউন্ট খুলতে হবে।

৪। আপনাদের মনোনীত সিডিউল ব্যাংকের Revolving Deposit Account এর বিপরীতে চবক এর অনুকুলে ইস্যুকৃত এডভাইস অব ক্রেডিট দাখিলের মাধ্যমে জাহাজ খাতে বন্দর শুল্ক আদায় এবং জনতা ব্যাংক লিঃ, পোর্ট শাখা অথবা ওয়ান ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রামে Revolving Deposit Account এর মাধ্যমে কন্টেইনার চার্জ আদায়ের প্রচলিত প্রথা বলবৎ থাকবে।

৫। ৪নং অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি ছাড়াও চবক এর রাজস্ব দ্রুত আদায়ের স্বার্থে তাৎক্ষণিকভাবে জাহাজের অবস্থানকালের উপর ভিত্তি করে এবং অন্যান্য সার্ভিস বিবেচনায় এনে অগ্রিম হিসাবে বাংলাদেশ ব্যাংকের সিডিউলভূক্ত যে কোন ব্যাংকের পে-অর্ডার গ্রহণ পূর্বক জাহাজের ছাড়পত্র (NOC) দেয়া যেতে পারে। উক্ত টাকা পরবর্তীতে জাহাজের বিলের সাথে সমন্বয় সাধন করা হবে।

৬। আপনাদের শিপিং এজেন্সীর অধীনস্থ কর্মকর্তা/কর্মচারী এবং আপনাদের শিপিং এজেন্সীর অধীনে আগত দেশী/বিদেশী জাহাজের নাবিকদের বন্দর এলাকায় আচরণ ও কার্যকলাপের দায়-দায়িত্ব আপনাদের এজেন্সীর উপর বর্তাবে।

৭। আপনাদের প্রতিষ্ঠানের অধীনে কোন বিদেশগামী জাহাজ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অর্থ ও হিসাব বিভাগের ছাড়পত্র (NOC) ব্যতিরেকে বন্দর ত্যাগ করতে পারবে না।

৮। কোন জাহাজকে চবক কর্তৃক মুভমেন্ট আদেশ (বহিঃ নোঙ্গরে যাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) দেয়া হলে উক্ত জাহাজের ঘোষণাকারী এজেন্ট হিসাবে আপনাদের প্রতিষ্ঠানকে অবশ্যই ছাড়পত্র/পোর্ট ক্লিয়ারেন্স সংগ্রহ করতে হবে।

ক্রমশ ঃ পৃষ্ঠা-০২

৯। আপনাদের অধীনে আগত কোন মাদার ভেসেল লাইটারেজের কারণে যদি দীর্ঘ সময় চট্টগ্রাম বন্দরের বহিঃ নোঙ্গরে অবস্থান করতে হয় অথবা Foreign going vessel লাইটারেজ কাজে দীর্ঘ সময় বহিঃ নোঙ্গরে অবস্থান করে সে সমস্ত জাহাজের ক্ষেত্রে পোর্ট ট্যারিফের আইটেম নং-১.১.২ মোতাবেক প্রতি মাস বা তদাংশের জন্য হিসাবান্তে জাহাজ খাতে মাসিক পোর্ট ডিউজ আদায় করার স্বার্থে প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক এর অফিস হতে মাসিক ভিত্তিক ছাড়পত্র (NOC) গ্রহণ করতে হবে।

১০। চট্টগ্রাম বন্দরে বর্তমানে বিদ্যমান REGULATIONS FOR WORKING OF CHITTAGONG PORT (CARGO AND CONTAINER), 2001, PORT TARIFF, CONTAINER MANUAL, TRAFFIC MANUAL এবং সময়ে সময়ে জারীকৃত বিজ্ঞপ্তি, নিয়মাবলী ও বিধি-বিধান, আদেশ-নির্দেশ এবং চবক এর বিদ্যমান BERTH ALLOTMENT COMMITTEE কর্তৃক সময়ে সময়ে গৃহীতব্য সিদ্ধান্ত আপনাদের প্রতিষ্ঠান সঠিকভাবে পালন করতে বাধ্য থাকবে।

১১। আপনাদের শিপিং এজেন্সীর অধীনে কোন নতুন জাহাজ বন্দরে আনায়ন করতে চাইলে ন্যূনতম ০৩ (তিন) মাস পূর্বে আবেদন পত্র পেশ করতঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করতে হবে।

১২। বন্দর অভ্যন্তরে জাহাজ প্রবেশের ক্ষেত্রে বন্দরের জারীকৃত অনুমোদিত ড্রাফট ও দৈর্ঘ্য যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ বিষয়ে কোন MISDECLARATION এর জন্য আপনার প্রতিষ্ঠান দায়ী হবে এবং এজেন্ট হিসেবে আপনার প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল/সাময়িকভাবে বাতিল অথবা সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত অর্থ দণ্ড করা হতে পারে।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পাওনা যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে এবং উপরোল্লিখিত শর্তাবলী, বন্দরের বিদ্যমান আইন ও বিধি-বিধান এবং সময়ে সময়ে জারীতব্য আইন ও বিধি-বিধান লংঘন করা হলে শিপিং এজেন্ট হিসাবে আপনাদের প্রতিষ্ঠানের তালিকাভূক্তি বাতিল অথবা আপনাদের অনুকুলে বন্দরের সুবিধাদি সাময়িকভাবে অথবা স্থায়ীভাবে পুরোপুরি অথবা আংশিক রহিত করা হবে।

প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
ফোন-২৫১০৮৮০
তারিখ- /৩/২০১৩।

নং-প্রঅওহিরক/বিল আয়-৮(১৩০৪)/
অনুলিপি - প্রেরণ করা হলো ঃ

১। কমিশনার অব কাস্টমস্ (আমদানী), কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। উপ-সংরক্ষক, চবক।
৩। পরিচালক (পরিবহন), চবক।
৪। পরিচালক (বিদ্যুৎ ও যান্ত্রিক), চবক।
৫। পরিচালক (নিরাপত্তা), চবক।
৬। সিস্টেমস্ এনালিষ্ট, চবক।
৭। টার্মিনাল ম্যানেজার, চবক।
৮। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (অপাঃ), চবক।
৯। হারবার মাস্টার, চবক।
১০। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ (বাণিজ্যিক শাখা), বাংলাদেশ ব্যাংক, চট্টগ্রাম।
১১। সহকারী মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক লিঃ, পোর্ট শাখা, বিএসসি ভবন, চট্টগ্রাম।
১২। ভাইস প্রেসিডেন্ট, ওয়ান ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।
১৩। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, স্টক এক্সচেঞ্জ বিল্ডিং, ১০৮০, শেখ মুজিব রোড, চট্টগ্রাম।

প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।